# বাংলা (সৃজনশীল) প্রথম পত্র
২০২৪ সালের সিলেবাস অনুযায়ী
বিষয় কোড - 101
সময় - ২ ঘন্টা ৩০ মিনিট
পূর্ণমান-৭০

**দ্রষ্টব্য:** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জাপক। প্রদয় উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক ও খ বিভাগ হতে ন্যূনতম দুটি করে এবং গ ও বিভাগ হাতে কমপক্ষে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও হলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।

## ক বিভাগ-গদ্য

১। জান তোমরা? যেদিন অযোধ্যার লোকেরা সীতাকে বিসর্জন দিবার দাবি করিয়াছিল তাহার মধ্যে আমিও যে ছিলাম। আর সেই বিসর্জনের গৌরবের তথা যুগে যুগে যাহারা গান করিয়া আসিয়াছে আমিও যে তাদের মধ্যে একজন। আর, আমিও তো সেদিন লোকরঞ্জনের জন্য স্ত্রী পরিত্যাগের গুণ কর্ণনা করিয়া মাসিকপত্রে প্রবন্ধ লিখিয়াছি। বুকের রক্ত দিয়া আমাকে যে একদিন দ্বিতীয় সীতা বিসর্জনের কাহিনি লিখিতে হইবে সে কথা কে জানিত।
(ক) বরযাত্রীর দল কীসের পালা সেরে বের হয়ে গেল?
(খ) "তবে আপনাদের গাড়ি বলিয়া দিই উক্তিটি কাকে উদ্দেশ্য করে কেন করা হয়েছে?
(গ) উদ্দীপকের কথকের সাথে 'অপরিচিতা' গল্পের অনুপমের সাদৃশ্য বর্ণনা কর।
(ঘ) উদ্দীপকের কথক এবং 'অপরিচিতা' গল্পের অনুপম স্বীয় ব্যক্তিত্ববোধের জায়গা থেকে সংশ্লিষ্ট বিষয়ের প্রতিবাদ করলে দুজনের জীবনই সুন্দর হতে পারতো"- মন্তব্যটি বিশ্লেষণ কর।

২। আজকাল সমাজের দিকে তাকালে পরনির্ভরশীলতার বিভিন্ন চিত্র চোখে পড়ে। নিজেকে জানা প্রতিটি মানুষের জন্য গুরুত্বপূর্ণ। ধর্ম, দর্শন থেকে শুরু করে প্রতিটি জ্ঞানের শাখায় নিজেকে জানার বিশেষ গুরুত্ব রয়েছে। পবিত্র কোরআনে বলা হয়েছে "মান আরাফা নাফসাহ, ফা-কাদ আরাফা রাব্বাহ" অর্থাৎ যে নিজেকে জেনেছে, সে তার রবকে জেনেছে। সনাতন ধর্মে বলা হয়েছে 'আত্মানং বিদ্ধি' অর্থাৎ আত্মজ্ঞানই প্রকৃত জ্ঞান। মার্শনিক সক্রেটিসও বলেছেন 'নিজেকে জানো'। আত্মনির্ভরশীল মানুষ ছাড়া সমাজ বা জাতির উন্নতি অসম্ভব। একে অপরের প্রতি নির্ভরতার কারণে মানসিক দাসত্ব হয় এবং তা ক্রমান্বয়ে সামাজিক ব্যাধিতে রূপান্তরিত হয়।
(ক) দেশের যারা শত্রু, দেশের যা কিছু মিথ্যা, ভণ্ডামি, মেকি তা সব দূর করতে কীসের প্রয়োজন হবে?
(খ) পরাবলম্বনই আমাদেরকে নিষ্ক্রিয় করে ফেলেছে কীভাবে? ব্যাখ্যা কর।
(গ) 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি উদ্দীপকে নির্দেশিত হয়েছে? ব্যাখ্যা কর।
(ঘ) ব্যক্তির চিন্তাধারা পরিবর্তনে উদ্দীপকে প্রকাশিত ভাব কীভাবে সহায়ক হতে পারে? 'আমার পথ' প্রবন্ধের আলোকে তা বিশ্লেষণ কর।

৩। বাংলাদেশের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম ১৯২২ খ্রি. তৎকালীন বৃটিশ সরকারের অধীন থেকে ভারতের পূর্ণ স্বাধীনতার দাবি উত্থাপন করেন এবং তা 'ধূমকেতু' পত্রিকায় প্রকাশ করেন। ১৯২৩ খ্রি. জানুয়ারিতে তার একবছর কারাদণ্ড হয়। সে সময় হুগলি জেলখানায় থাকাকালীন ১৯২৩ খ্রি. মে মাসে তিনি অনশন ধর্মঘট করেন। অনশন ভঙ্গের জন্য বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর তাঁকে টেলিগ্রাম করেন। কুমিল্লার বিরজাসুন্দরী দেবীর অনুরোধে তিনি অনশন ভঙ্গ করেন। ১৯২৩ খ্রিষ্টাব্দের ডিসেম্বর মাসে তিনি জেল থেকে মুক্তি পান।
(ক) 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে সংকলিত?
(খ) 'আর মরে গেলে দেশের কাজই বা কীভাবে করতা?"--- উক্তিটি কে, কাকে এবং কেন করেছেন? ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাথে 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধের সাদৃশ্য কোথায় তা ব্যাখ্যা কর।
(ঘ) 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধের চেতনা উদ্দীপকে কতটুকু প্রতিফলিত হয়েছে তা বিশ্লেষণ কর।

৪। নিচের চিত্রটি লক্ষ্য কর এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।



রায়ের বাজার শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ

proshnobd.com

(ক) প্রিন্সিপালের মতে পাকিস্তানের শরীরের কাঁটা কী?
(খ) রেইনকোটের ওপর চাবুকের বাড়ি নুরুল হুদার কাছে স্রেফ উৎপাত মনে হচ্ছিল কেন?
(গ) উদ্দীপকের চিত্রটি 'রেইনকোট' গল্পের কোন দিকটিকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর।
(ঘ) "ত্রিশ লক্ষ শহিদ ও দুই লক্ষ মা-বোনের সম্ভ্রমহানির বিনিময়ে 'বাংলাদেশ' আজ অনন্ত অক্ষত মূর্তিমান 'রেইনকোট' গল্প এবং উদ্দীপকের চিত্রের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর।

## খ বিভাগ কবিতা

৫। তারুণ্য দেখিয়াছি আরবের বেদুঈনদের মাঝে। তারুণ্য দেখিয়াছি মহাসমরের সৈনিকের মুখে, কালাপাহাড়ের অসিতে কামাল-করিম-মুসোলিনি-সানাইয়াৎ-লেলিনের শক্তিতে। যৌবন দেখিয়াছি তাহাদের মাঝে-যাহারা বৈমানিকরূপে অনন্ত আকাশের সীমা খুঁজিতে। গিয়া প্রাণ হারায়, আবিষ্কারকরূপে নব পৃথিবীর সন্ধানে গিয়া আর ফিরে না।
(ক) নটরাজ কী?
(খ) "মম একহাতে বাঁকা বাঁশের বাঁশরী আর হাতে রণ তুর্য" ---ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের আলোকে 'বিদ্রোহী' কবিতার সাদৃশ্য বর্ণনা কর।
(ঘ) "উদ্দীপকের চেতনা এবং 'বিদ্রোহী' কবিতার মর্মকথা প্রায় একই"--- বিশ্লেষণ কর।
৬। ঋতু পরিক্রমায় দেখা যায় নান্য বৈচিত্র্য। যা উপভোগের বিষয়। এমন উপভোগ সমানভাবে সবার গ্রহণ করার সৌভাগ্য হয় না। কারণ ব্যক্তিজীবন সবার সবসময় সমান যায় না। কারও পৌষ মাস কারও সর্বনাশ---যা একান্তই ক্রিয়াশীল।
(ক) অর্থ বিরচন কী?
(খ) মাঘের সন্ন্যাসী বলতে কবি কী বোঝাতে চেয়েছেন?
(গ) 'তাহারেই পড়ে মনে' কবিতার সাথে উদ্দীপকের যে সাদৃশ্য পাওয়া যায়, তা বর্ণনা কর।
(ঘ) "উদ্দীপকের মূলভাব 'তাহারেই পড়ে মনে' কবিতার আংশিক বা খন্ডাংশ মাত্র"--- বিশ্লেষণ কর।
৭।
আমরা নূতন যৌবনের দূত
আমরা চঞ্চল আমরা অদ্‌ভুদ।
আমরা বেড়াভাঙি।
আমরা অশোক বনের
রাঙা নেশায় রাঙি।
ঝঞ্ঝার বন্ধন ছিন্ন করে দেই-
আমরা বিদ্যুৎ।
আমরা করি ভুল
অগাধ জলে ঝাঁপ দিয়ে
যুঝিয়ে পাই কুল।
(ক) আঠারো বছর বয়সে কী উঁকি দেয়?
(খ) "এ বয়স জেনো ভীরু, কাপুরুষ নয়" ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের প্রথম তিনটি পংক্তি 'আঠারো বছর বয়স' কবিতার সাথে কতটা সাদৃশ্যপূর্ণ? আলেচনা কর।
(ঘ) উদ্দীপকের 'আমরা বিদ্যুৎ' এবং 'আঠারো বছর বয়সে'র 'পথে প্রান্তরে ছোটায় বহু তুফান' একই চেতনায় উদ্‌ভুদ্ধ ---- আলোচনা কর।

## গ বিভাগ-উপন্যাস

৮। দেশের বিভিন্ন প্রান্ত থেকে প্রতিদিন ঢাকা শহরে শতশত মানুষ আসে। কখনো ট্রেনের ছাদে। চড়ে, কখনো বাসে ঝুলতে ঝুলতে, কখনো লঞ্চে আসতে গিয়ে লঞ্চ ডুবে যায়, এভাবেই দেশের প্রবান্ত অঞ্চলের প্রান্তিক জীবনধারার মানুষ আসে। উত্তর বঙ্গে মঙ্গার সময় মানুষ বাড়িঘর ছেড়ে বেরিয়ে পড়ে, দক্ষিণ বঙ্গে বন্যা, নদীভাঙ্গন, প্রাকৃতিক দুর্যোগের ফলে পিঁপড়ার সাতির মত মানুষ আসে। সকলেরই উদ্দেশ্য একটু খেয়ে-পরে বাঁচবার। দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী এসব মানুষের চোখে-মুখে দুর্ভিক্ষের ভয়াল হাপ। সবারই ধারণা রাজধানী ঢাকাতে যেতে পারলে অন্তত না খেয়ে মরবো না। সে জন্যই তারা ঢাকায় আসে।
(ক) মতলুব খাঁর গ্রামের নাম কী?
(খ) "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি" ---ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের মানুষগুলোর অবস্থা 'লালসালু' উপন্যাসের কোনদিকটিকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর।
(ঘ) "যুগোপযোগী কর্মমুখী শিক্ষার অভাবেই প্রান্তিক অঞ্চলের মানুষদের এই ছোটাছুটি" ---উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর।

prashnobd.com

৯। কাজল সাহেব সন্তান লাভের আশায় দ্বিতীয় বিয়ে করে। অবশ্য সন্তান লাভের আশায় এই বিয়েতে তার প্রথম স্ত্রীর সম্মতি ছিল। বিয়ের পর তার সে আশা পূরণ হয়নি। শেষ পর্যন্ত তার দ্বিতীয় স্ত্রীর সন্তান না হওয়ার কারণে পিরের পানি পড়া খাওয়াতে গেলে বিপত্তি বাধে। দ্বিতীয় স্ত্রী কাজলকে হুমকি দেয়। এই হুমকিতে তার মধ্যে দোদুল্যমানতার সৃষ্টি হয়।
(ক) 'লালসালু' উপন্যাসের উর্দু অনুবাদকের নাম কী?
(খ) 'কলমা জানসনা ব্যাটা' কথাটি কে, কাকে, কেন বলেছিল?
(গ) উদ্দীপকের কাজল ও 'লালসালু' উপন্যাসের মজিদ কোনদিক থেকে সাদৃশ্যপূর্ণ ---ব্যাখ্যা কর।
(ঘ) উদ্দীপকের বক্তব্য 'লালসালু' উপন্যাসের খণ্ডাংশ মাত্র" ---বিশ্লেষণ কর।

## ঘ বিভাগ-নাটক

১০। মানিক যখন দুধের শিশু, তখন তার বাপ-মা মারা যায়। নরেশ সেই দুধের শিশু মানিককে সন্তান স্নেহে প্রতিপালন করে। নরেশের স্ত্রী নিজের সন্তানের মত করেই মানিককে লালন পালন করেছে। একদিন গ্রামের মাতব্বরের প্ররোচনায় মানিক টাকার লোভে নরেশ মম্পতির একমাত্র পুত্র রতনকে ঘুমন্ত অবস্থায় খুন করে। পরে জানা গেছে মাতকারের ক্ষমতা খর্ব হওয়ার ভয়ে রতনকে খুন করায় মানিককে দিয়ে। তার বিনিময়ে মানিককে পঞ্চাশ হাজার টাকা দেয় মাতকার। রতনকে খুন করার সময় মানিকের বাল্যস্মৃতি অর্থের নিচে চাপা পড়ে গিয়েছে।
(ক) 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন অঙ্কের কোন দৃশ্যে পলাশী যুদ্ধের ঘটনা বর্ণিত হয়েছে?
(খ) মিরনের ভাষ্য মতে সিরাজউদ্দৌলাকে মৃত্যুদণ্ড দেওয়ার কারণ কী? ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের মানিক চরিত্রটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর।
(ঘ) "অর্থের লোভ মানুষকে কৃতঘ্ন করে তোলে" -----উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটক অবলম্বনে উক্তিটি বিশ্লেষণ কর।
১১। ব্রিটিশ ভারতের মহীশূর রাজ্যের শাসনকর্তা ছিলেন টিপু সুলতান। তিনি তাঁর শৌর্যবীর্যের 'কারণে 'শের-ই-মহীশূর' নামে পরিচিত ছিলেন। তাঁর মতে, "ভেড়া বা শেয়ালের মতো দু'শ বছর বাঁচার চেয়ে বাঘের মতো দুদিন বেঁচে থাকাও ভালো।" এই মহান শাসক নিজের দেশের স্বাধীনতার জন্য ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ করে নিহত হন ১৭৯৯ সালে। কিন্তু তাঁর এই পরাজয়ের মূল কারণ ছিলো তাঁরই সেনাপতি মির সাদিক। মির সাদিক লোভে পড়ে ব্রিটিশদের সঙ্গে হাত মিলিয়েছিল।
(ক) 'জগৎশেঠ' কার উপাধি?
(খ) "দেশপ্রেমিকের রক্ত যেন আবর্জনার স্তূপে চাপা না পড়ে।" ---ব্যাখ্যা কর।
(গ) উদ্দীপকের টিপু সুলতানের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের নবাব সিরাজউদ্দৌলার সাদৃশ্য বর্ণনা কর।
(খ) উদ্দীপকের মির সাদিক যেন বিশ্বাসঘাতক মির জাফরেরই প্রতিচ্ছবি" ---উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে মূল্যায়ন কর।

proshnobd.com

## বহুনির্বাচনী অভীক্ষা

১। 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত?
(ক) স্বরবৃত্ত (খ) মাত্রাবৃত্ত
(গ) অক্ষরবৃত্ত (ঘ) গদ্যছন্দ

২। ভিক্টোরিয়া পার্কের বর্তমান নাম কী?
(ক) ঢাকা ন্যাশনাল পার্ক (খ) রমনা পার্ক
(গ) বাহাদুর শাহ পার্ক (ঘ) বঙ্গবন্ধু সাফারি পার্ক

**নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও:**

রহিম মিয়ার স্ত্রী মরিয়ম সহজ-সরল নারী। স্বামীর প্রতি আর অটল বিশ্বাস ও ভক্তি। তার কাছে স্বামী হচ্ছে খোদার ক্ষমতা-প্রাপ্ত একজন কামেল লোক। অথচ গ্রামের অশিক্ষিত সরল মানুষের খোদারীতিকে কাজে লাগিয়ে রহিম মিয়া নানা ফতোয়ায় নিজের আর্থিক সচ্ছলতা বৃদ্ধি করে।

৩। উদ্দীপকের মরিয়ম 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?
(ক) হাসুনির মা (খ) জমিলা
(গ) আমেনা বিবি (ঘ) রহিমা

৪। উদ্দীপকের রহিম মিয়া ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়ের টিকে থাকার প্রধান অবলম্বন হলো---
i. প্রতারণা ii. ধর্মের বেসাতি iii. ধর্মীয় অনুরাগ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫। আঠারো বছর বয়সের তরুণেরা 'শপথের কোলাহলে' কী সঁপে দেয়?
(ক) মনকে (খ) প্রাণকে (গ) আত্মাকে (ঘ) স্পর্ধাকে

৬। "আর কায়েতের ছেলের সঙ্গে সাপুড়ের মেয়ের নিকা," এটা কেমন কথা?
(ক) বেদনার কথা (খ) হাসিয়া উড়াইবার কথা
(গ) বলিয়া বেড়ানোর কথা (ঘ) আনন্দ করার কথা

৭। "শুধু অপমান। প্রাণের আশঙ্কায় সে আমাদের আতঙ্কিত করে তোলেনি?" উক্তিটি কে করেছে?
(ক) মিরজাফর (খ) রায়দুর্লভ
(গ) রাজবল্লভ (ঘ) জগৎশেঠ

৮। 'রেইনকোট' গল্পে প্রিন্সিপ্যাল আজকাল কাকে তোয়াজ করে?
(ক) আবদুস সাত্তার মৃধাকে (খ) নুরুল হুদাকে
(গ) আকবর সাজিদকে (ঘ) ইসহাক মিয়াকে

৯। 'লালসালু' উপন্যাসে শিকারির একাগ্রতা কার চোখে?
(ক) কাদের (খ) তাহের (গ) মজিদ (ঘ) কালুর

১০। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটিতে যে দিকটি উচ্চারিত হয়েছে-
(ক) সর্বাঙ্গীন মুক্তির দীপ্ত শপথ
(খ) বাঙালির দাসত্বের মাত্রা
(গ) দেশমাতৃকার প্রতি ভালোবাসা
(ঘ) বেদনার অস্থিরতা

নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও:

সোহেলির বিয়েতে অতিরিক্ত বরযাত্রীর আপ্যায়নে বিঘ্ন ঘটায় কন্যাপক্ষের সাথে বরপক্ষের তুমুল বাক-বিতন্ডা হয়। এতে সোহেলির বাবা এমন বরপক্ষের সাথে আত্মীয়তা না করার সিদ্ধান্ত নেন।

১১। উদ্দীপকের সোহেলির বাবার সাথে 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?
(ক) অনুপমের মামার (খ) বিনুদাদার
(গ) বর পক্ষের (ঘ) শম্ভুনাথ সেনের

১২। উদ্দীপকের সোহেলির বাবা, এবং 'অপরিচিতা' গল্পের কল্যাণীর বাবার কন্যা সম্প্রদানে অসম্মতির কারণ-
i. তীব্র ক্ষোভ ii. অভিমান iii. আত্মমর্যাদাবোধ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩। আবুল ফজলের মতে, মানব-কল্যাণ কোনটি?
(ক) মানুষের সার্বিক মঙ্গলের প্রয়াস
(খ) একমুষ্টি ভিক্ষা দেওয়া
(গ) পারস্পরিক সহযোগিতা
(ঘ) বিপদের সময় সাহায্য করা

১৪। "দওলত আমার কাছে ভগবানের দাদামশায়ের চেয়েও বড়।" উক্তিটিতে কীসের কথা প্রকাশ পেয়েছে?
(ক) স্বার্থের (খ) অর্থের (গ) ক্ষমতার (ঘ) গৌরবের

১৫। 'আবার ফুটেছে দ্যাখো কৃষ্ণচূড়া'--এই কৃষ্ণচূড়া ফুল কোথায় ফুটেছে-
(ক) পথে-ঘাটে (খ) শহরের পথে
(গ) হরিৎ উপত্যকায় (ঘ) সারাদেশে

১৬। 'প্রতিদান' কবিতাটি জসীমউদ্‌দীনের কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত?
(ক) নকসী কাঁথা মাঠ (খ) ধানক্ষেত
(গ) বালুচর (ঘ) রঙিলা নায়ের মাঝি

১৭। 'রেইনকোট' গল্পের মুয়াজ্জিন যেই দিন মারা যায়, সেইদিন রাতে নুরুল হুদার ঘুম না হওয়ার কারণ-
i. ট্যাঙ্কের হুঙ্কার ii. মেশিনগানের আওয়াজ
iii. মানুষের কাতরানি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮। "যে গেছে বুকেতে আঘাত হানিয়া তার লাগি আমি কাঁদি।"---এ পঙ্‌ক্তি দ্বারা বোঝানো হয়েছে---
(ক) সহমর্মিতা (খ) আত্মসুখ
(গ) পরোপকার (ঘ) সর্বংসহা মনোভাব

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:**

'সত্য যে কঠিন
কঠিনেরে ভালোবাসিলাম
সে কখনো করে না বঞ্চনা।'

১৯। উদ্দীপকে 'আমার পথ' প্রবন্ধের কোন বৈশিষ্ট্যটি ফুটে ওঠেছে?
(ক) দাম্ভিকতা (খ) আত্মনির্ভরতা
(গ) ডোন্টকেয়ার ভাব (ঘ) বাস্তবতা

২০। উক্ত বৈশিষ্ট্যের বিদ্যমান ভাব হলো-

prosnobd.com

i. আমার কর্ণধার আমি
ii. আমার পথ দেখাবে আমার সত্য
iii. আমি সালাম জানাচ্ছি আমার সত্যকে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১। মাসি-পিসির মধ্যে গভীরভাব গড়ে ওঠার কারণ-
(ক) অর্থ উপার্জন (খ) দুইজনই বিধবা
(গ) একসাথে ব্যবসায় করায় (ঘ) আহাদির দায়িত্ব কাঁধে পড়ায়

২২। "ডেকেছে কি সে আমারে? শুনি নাই, রাখি নি সন্ধান।"- চরণটিতে 'সে' কে?
(ক) শীত ঋতু (খ) বসন্ত ঋতু
(গ) কবির স্বামী (ঘ) কবি ভক্ত

২৩। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কবির পূর্বপুরুষের করতলে কীসের সৌরভ ছিল?
(ক) রক্তজবার (খ) পলিমাটির
(গ) শস্যদানার (ঘ) ভালোবাসার

২৪। 'মানব কল্যাণ' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে সংকলিত?
(ক) মানবতন্ত্র (খ) চৌচির
(গ) মাটির পৃথিবী (ঘ) রাঙা প্রভাত

নিচের উদ্দীপকটি পড়ে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও:
'কোথা চেঙ্গিস, গজনী-মামুদ, কোথায় কালাপাহাড়? ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা-দেওয়া-দ্বার।'

২৫। উদ্দীপকের ভাববস্তুর সাথে 'বিদ্রোহী' কবিতার কোন। চরণটির সাদৃশ্য রয়েছে?
(ক) আমি ভেঙে করি সব চুরমার
(খ) আমি অনিয়ম উচ্ছৃঙ্খল,
(গ) আমি মানি না কো কোন আইন,
(ঘ) আমি অবসান, নিশাবসান

২৬। উদ্দীপক ও উক্ত কবিতার মূল চেতনা-
i. অন্যায়ের প্রতিবাদ ii. অত্যাচারীর বিরুদ্ধে বিদ্রোহ
iii. নির্যাতিতের আর্তচিৎকার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭। নিচের কোন কবিতাটি নাট্যগুণ সম্পন্ন?
(ক) তাহারই পড়ে মনে (খ) প্রতিদান
(গ) বিদ্রোহী (ঘ) সোনার তরী

২৮। "এপারেতে ছোটো খেত, আমি একেলা।"-এই চরণটিতে 'আমি' বলতে প্রতীকী অর্থে কাকে বোঝানো হয়েছে?
(ক) মাঝিকে (খ) কৃষককে
(গ) কবিকে (ঘ) মহাকালকে

২৯। ছলছল চোখে আহ্লাদির দিকে কে তাকিয়েছিল?
(ক) মাসি (খ) পিসি (গ) জগু (ঘ) বুড়ো রহমান

৩০। ফেব্রুয়ারি ১৯৬৯ কবিতায় 'মানবিক বাগান' বলতে কবি বুঝিয়েছেন-
(ক) মানবের সহাবস্থান (খ) গোছানো বাংলাদেশ
(গ) সুন্দর জনবসতি (ঘ) মনুষ্যত্ব, ন্যায় ও মঙ্গলের জগৎ

proshnobd.com